

৫৩.তাওবা - যেখানে শয়তানের কিছুই করার থাকে না !!!

বিসমিল্লাহ ওয়াস সালাতু আস সালাম আলা রাসুলিল্লাহ ।

প্রশংসা সেই মহান আল্লাহর যিনি নিজে বান্দা কে মাফ করে দেয়ার ওয়াদা করেছেন যতক্ষণ বান্দা মাফ চাইবে । প্রশংসা সেই মহান আল্লাহর - শয়তান যখন বললো হে আল্লাহ যে আদমের জন্য আপনি আমাকে বিতাড়িত করলেন আমি প্রতি পদে পদে সেই আদম কে জাহান্নাম এর দিকে নিয়ে জাবার জন্য ওত পেতে বসে থাকবো, আল্লাহ বললেন তোর যা খুশি করতে থাক আমার বান্দা যখনই আমার কাছে ফিরে আসবে আমি তাকে মাফ করে দিবো !!!

আল্লাহ বলেন -

﴿ قُلْ يَا عِبَادِيَ الَّذِينَ أَسْرَفُوا عَلَىٰ أَنفُسِهِمْ لَا تَقْنَطُوا مِن رَّحْمَةِ اللَّهِ ۚ إِنَّ اللَّهَ يَغْفِرُ الذُّنُوبَ جَمِيعًا ۚ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ ﴾

(হে রাসুল আপনি) বলুন, হে আমার বান্দাগণ যারা নিজেদের উপর যুলুম করেছ তোমরা আল্লাহর রহমত থেকে নিরাশ

হয়ো না। নিশ্চয় আল্লাহ সমস্ত গোনাহ মাফ করেন। তিনি
ক্ষমাশীল, পরম দয়ালু। -

- বুঝার ৫৩

কিয়ামতের দিন আল্লাহ এক বান্দা কে ডাকবেন, ইয়া আবদি
আমার কাছে এগিয়ে আসো, বান্দা এগিয়ে যাবে, আল্লাহ
বলবেন, আবদি আরো সামনে আসো। বান্দা আরো এগিয়ে
যাবে। রাসুল সাঃ বলেন বান্দা এরপরে আল্লাহর নুরের
পর্দার আড়ালে চলে যাবে, এর ফলে আল্লাহ এবং বান্দার
মধ্যে কি কথা হবে তা কেউ শুনতে পারবে না, এমন কি
মালা-ইকারাও না। এর পরে আল্লাহ বলবেন আবদি তোমার
কিতাব পড়, ৯৯ টা কিতাব তার সামনে খুলে দেয়া হবে,
প্রতিটি পাতা পাপে ভরা। একটির চেয়ে আরেকটি বড়!
দেখতে দেখতে বান্দা হতাশ হয়ে যাবে, সে আর দেখতে
চাইবেনা, বান্দা ভাববে খালাস, আমি শেষ। কিন্তু আল্লাহ
বলবেন ইয়া আবদি শেষ কর, তোমার একটি ভালো কাজ
আমি সংরক্ষন করে রেখেছি - সেটি দেখে নাও। বান্দা
দেখবে তার একটি ভালো কাজ লেখা আছে "লা ইলাহা
ইল্লাল্লাহ" - বান্দা বলবে ইয়া আল্লাহ আমার এত পাপের
সামনে এই লা ইলাহা ইল্লাল্লাহ কি কাজে আসবে? আল্লাহ

বলবেন আজ তোমার উপরে কোন জুলুম করা হবেনা। সমস্ত পাপের সাথে আল্লাহ যখন লা ইলাহা ইল্লাল্লাহ কে ওজন করবেন, সেই লা ইলাহা ইল্লাল্লাহ ভারী হয়ে যাবে!

আল্লাহ এবার বান্দা কে ডেকে বলবেন, আবদি তুমি কি দুনিয়াতে ঐ দিন ঐ পাপ করনি? উমুক জায়গায় উমুক পাপ করনি? দেখ আমি তা দুনিয়াতে গোপন রেখেছিলাম, আজও আমি সেগুলো গোপন রাখবো। তোমার আর আমার ব্যাতিত আর কেউ সেগুলো জানবেনা।

আল্লাহ এবার বলবেন - ইয়া আবদি তোমার কিতাব দেখো - বান্দা কিতাবের পাতা উল্টাবে - দেখবে পাপ নাই! বরং সেখানে নেকি লেখা হয়ে গেছে। এর পরের পাতা - পাপ নাই, নেকী লেখা হয়ে গেছে। এভাবে বান্দা দেখবে আল্লাহ শুধু তার পাপ কে মুছেই দেন নি বরং পাপ কে নেকী তে পরিনত করে দিয়েছেন।

আল্লাহ সুবহানাছুওতায়াল্লা সুরা আত তাহরিমের ৮ নাম্বার আয়াতে বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا تَوْبُوا إِلَى اللَّهِ تَوْبَةً نَّصُوحًا عَسَىٰ رَبُّكُمْ أَنْ

يُكَفِّرَ عَنْكُمْ سَيِّئَاتِكُمْ وَيُدْخِلْكُمْ جَنَّاتٍ

আয়াতের শেষ পর্যন্ত

আল্লাহ বলেন, ওহে যারা ঈমান এনেছ, তোমরা আল্লাহর কাছে তাওবাহ কর - আন্তরিক তাওবাহ। সম্ভবত তোমাদের প্রতিপালক তোমাদের মন্দ কাজ গুলো তোমাদের থেকে মুছে দিবেন আর তোমাদের কে জান্নাতে দাখিল করবেন - (আয়াতের শেষ পর্যন্ত)

এটি হচ্ছে পাপ করে তাওবা করার প্রতিদান!!! যেমন রাসুল সাঃ অন্যত্র বলেছেন - তোমাদের মধ্যে এমন আছে যে পাপ করে এবং পাপের জন্যই সে জান্নাতে যায়, সাহাবিরা জানতে চাইলেন - ইয়া রাসুল্লাল্লাহ তা কিভাবে? রাসুল সাঃ বললেন সে পাপ করে আর পাপ করার পর আন্তরিক তাওবা করে এতে তার পাপ কাজ কে আল্লাহ নেকিতে পরিনত করে দেন।

শিক্ষা - পাপ করলে সাথে সাথে তাওবা করে ফেলা। সাথে সাথে। জামাতে নামজ পড়ে ফেলা। এক সাহাবী রাসুল সাঃ এর কাছে এসে বললেন ইয়া রাসুল্লাল্লাহ আমি নামাজে

আসার একজন নারী কে জড়িয়ে ধরেছি, রাসুল সাঃ এই কথা পছন্দ করলেন না। নামাজ শেষে এই সাহাবী আবার যখন বললেন, রাসুল সাঃ বললেন, নামাজ পাপ সমূহ কে মুছে দেয়!!!

আরও এত সুন্দর সুন্দর হাদিস আছে শুনলে আপনার চোখে পানি চলে আসবে, যে আল্লাহ আমাকে আপনাকে মাফ করার জন্য কত অফার দিয়ে রেখেছেন।

আল্লাহ সুবহানাহ্ ওতায়লা হাদিসে কুদসি তে বলেন -

ইয়া ইবাদি, ইন্নাকুম তুখতিউনা বিল্লাইলি ওয়ান-নাহার,
ওয়ানা আগফিরকয় জুনুবা জামিয়া, ফাস্তাগফিরকলি আগ ফির
লাকুম -

হে আমার বান্দারা তোমরা তো দিনে রাতে (অনবরত) পাপ করতে থাকো, আমি সমস্ত পাপই ক্ষমা করে দেই। আমার কাছে ক্ষমা চাও আমি ক্ষমা করে দিবো

আল্লাহর একটি নাম হচ্ছে আল্লাহ্ গফুর, আর আল্লাহর একটি সিফাত হচ্ছে ক্ষমা করে দেয়া। আল্লাহ ক্ষমা করতে

ভালোবাসেন, ক্ষমা করে দেয়া আল্লাহর প্রিয়।

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِي
نَفْسِي بِيَدِهِ لَوْ لَمْ تُذُنُّوا لَذَهَبَ اللَّهُ بِكُمْ وَلَجَاءَ بِقَوْمٍ يُذُنُّونَ
فَيَسْتَغْفِرُونَ اللَّهَ فَيَغْفِرُ لَهُمْ

2749 صحيح مسلم كتاب التوبة باب سقوط الذنوب بالاستغفار
توبة

আবু হুরাইরাহ রাঃ থেকে বর্ণিত, রাসুল সাঃ বলেন - যার
হাতে আমার প্রান তাঁর শপথ তোমরা যদি পাপ করা বন্ধ
করে দাও তবে আল্লাহ তোমাদের কে এমন জাতির সাথে
বদলে দিবেন যারা পাপ করবে আর আল্লাহর কাছে ক্ষমা
চাইবে আর আল্লাহ তাদের মাফ করে দিবেন। - সহিহ
মুসলিম

ইমাম আহমাদ ইবনে হাম্বল রহঃ তার কিতাবুজ জুহুদ গ্রন্থে
উল্লেখ করেছেন - শয়তানের ওয়াসওয়াসায় মানুষ যখন ৫
টা পাপ করে ফেলে এবং এরপরে যদি সে একটা ভালো
কাজ করে তখন আল্লাহ ৫ টা পাপ কে মুছে দেন, এবং ৫
টা নেকি লিখে দেন। শয়তান এই অবস্থা দেখে বলতে
থাকে, হায়! আমি আদম সন্তানের সাথে পারবো কিভাবে!!!

ইয়া আল্লাহ আপনি আমাদের জন্য আমল করা সহজ করে
দিন আরা আমাদের কে পবিত্র করে দিন - আমিন

*** এখানে আমি হাদিস গুলো আমি কিছু নিজের ভাষায়
বলেছি - আমি যা বলেছি রাসুল (সাঃ) হয়ত এরকম
বলেছেন অথবা রাসুল সাঃ যেভাবে বলেছেন সেভাবে।
আমার কথার ভুল থেকে আল্লাহর পানাহ।